

স্মারক নং-২৭.১২.৬৯৬৩.৫১২.০১.০৩৮.২৩. ৪৪০৪

তারিখঃ ২০ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
০৫ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ যানবাহনের ১ম পক্ষ বীমা নবায়ণ দরপত্র (RFQ) আহ্বান বিজ্ঞপ্তি (RFQ-12/2023-2024)।

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত ০১ টি ডাবল কেবিন পিক-আপ গাড়ীর ১ম পক্ষ Comprehensive বীমা নবায়নের জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছে। এই লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত বীমাকারী প্রতিষ্ঠান এর নিজস্ব লেটার হেড প্যাডে ইনসিউরড ভ্যালুর উপর দরপত্র আহ্বান করা যাচ্ছে। যানবাহনের বিস্তারিত বিবরণ নিম্নে উল্লেখ করা হল।

ক্রঃ নং	গাড়ী নং	যানবাহনের ধরন	ক্রয় মূল্য	ক্রয়ের তারিখ	উদ্ধৃত একক দর	উদ্ধৃত মোট দর
০১	নাটোর-৪-১১-০০৪৩ ইঞ্জিন নং-4N15UJK9460 চেসিস নং: MMBJJKL10PH015340 মিতসুবিসি, থাইল্যান্ড সিসি: ২৪৪২, আসন: ডাইভারসহ ০৫ তৈরী: ২০২২ সাল	ডাবল কেবিন পিক-আপ	৪৮,১০,০০০/-	১৭/০৮/২০২২		
					মোট-	

কথায়ঃ-----

দরপত্র প্রদানের স্থান ও সময়

০১।	দরপত্র জমা দেওয়ার তারিখ ও সর্বশেষ সময়	১৬/১০/২০২৩ খ্রিঃ রোজ সোমবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত।
০২।	দরপত্র জমা দেয়ার স্থান	(ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। (খ) নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, ফুলবাগান, নাটোর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে রাখা হবে।
০৩।	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	১৬/১০/২০২৩ খ্রিঃ রোজ সোমবার বেলা ১১:০৫ ঘটিকায়। (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। (খ) নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, ফুলবাগান, নাটোর এর সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে।

শর্তাবলীঃ

- ০১। দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র, ভ্যাট নিবন্ধন সনদ ও ব্যাংক সলভেন্সি সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০২। আগামী ২৫/১০/২০২৩ খ্রিঃ এর মধ্যে বীমা নবায়ন করণের কাজ সম্পন্ন করতে হবে।
- ০৩। বর্ণিত ডাবল কেবিন পিক আপ গাড়ীর ইন্স্যুরেন্স করার ক্ষেত্রে সকল প্রকার ঝুঁকি (Comprehensive) গ্রহন করতে হবে। সেক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি অবশ্যই অন্তর্ভুক্ত থাকতে হবে।
ক) যে কোন ধরনের চুরি।
খ) যে কোন ধরনের দুর্ঘটনায় সংঘটিত ক্ষতি।
গ) যে কোন ধরনের সন্ত্রাসী কার্যকলাপের ফলে সংঘটিত ক্ষতি।

চলমান পৃষ্ঠা-০২

০১৫

(Signature)

